

ার্যা নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমূহ রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (৫২) কুরআন ও হাদীছ থেকে আল্লাহর সুন্দর নামগুলোর দলীল কী?

উত্তরঃ কুরআন ও হাদীছে আল্লাহর অনেক সুন্দর নাম থাকার কথা বর্ণিত হয়েছে। আল্লাহ্ তাআ'লা বলেনঃ وَلِلَّهِ الْأَسْمَاءُ الْحُسْنَى فَادْعُوهُ بِهَا وَذَرُوا الَّذِينَ يُلْحِدُونَ فِي أَسْمَائِهِ

"আল্লাহর অনেক সুন্দর সুন্দর নাম রয়েছে। সুতরাং তোমরা তাঁকে সেসব নামেই ডাক। আর তাদেরকে বর্জন কর যারা তার বিকৃত করে"। (সূরা আরাফঃ ১৮০) আল্লাহ্ তাআ'লা বলেনঃ

قُلْ ادْعُوا اللَّهَ أَوْ ادْعُوا الرَّحْمنَ أَيًّا مَا تَدْعُوا فَلَهُ الأَسْمَاءُ الْحُسْنَى

"বলুনঃ তোমরা আল্লাহ্পে 'আল্লাহ' নামে আহবান কর বা 'রাহমান' নামে আহবান কর, তোমরা যে নামেই আহবান কর না কেন, তাঁর রয়েছে অনেক সুন্দর নাম"। সূরা বানী ইসরাঈলঃ ১১০) আল্লাহ তাআ'লা আরো বলেনঃ

اللَّهُ لاَ إِلَهَ إِلاَّ هُوَ لَهُ الأَسْمَاءُ الْحُسْنَى

"আল্লাহ্, তিনি ব্যতীত অন্য কোন সত্য উপাস্য নেই। সব সৌন্দর্য মন্ডিত নাম তাঁরই। (সূরা তোহাঃ ৮) রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ

(إِنَّ لِلَّهِ تِسْعَةً وَتِسْعِينَ اسْمًا مِائَّةً إِلاَّ وَاحِدًا مَنْ أَحْصَاهَا دَخَلَ الْجَنَّةَ)

''আল্লাহর এমন নিরানববইটি নাম রয়েছে যে ব্যক্তি এগুলো মুখস্ত করবে, সে ব্যক্তি জান্নাতে প্রবেশ করবে''।[1] নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আরো বলেনঃ

(أَسْأَلُكَ ٱللَّهُمَّ بِكُلِّ اسْمٍ هُوَ لَكَ سَمَّيْتَ بِهِ نَفْسَكَ أَوْ أَنْزَلْتَهُ فِي كِتَابِكَ أَوْ عَلَّمْتَهُ أَحَدًا مِنْ خَلْقِكَ أَوِ اسْتَأْثُرْتَ بِهِ فِي عِلْمَ الْغَيْبِ عِنْدَكَ أَنْ تَجْعَلَ الْقُرْآنَ رَبِيعَ قَلْبِي)

"হে আল্লাহ! আমি আপনার সেই প্রত্যেক নামের উসীলা দিয়ে আপনার কাছে প্রার্থনা করছি, যে নামের মাধ্যমে আপনি নিজের নাম করণ করেছেন বা আপনার কিতাবে অবতীর্ণ করেছেন বা আপনার কোন বান্দাকে শিক্ষা দিয়েছেন অথবা যে নামগুলোকে আপনি নিজের জ্ঞান ভান্ডারে সংরক্ষিত করে রেখেছেন, কুরআনকে আমার অন্তরের শান্তিতে পরিণত করে দিন।[2]

ফুটনোট

[1] - বুখারী, অধ্যায়ঃ কিতাবুত তাওহীদ।



[2] - মুসনাদে আহমাদ, ইমাম আলবানী হাদীছটিকে সহীহ বলেছেন। দেখুনঃ সিলসিলায়ে সহীহা, হাদীছ নং-(১/১৯৯)।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=11866

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন